

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৭৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭১২]

৪৯। يَكْرِرُ، دُعْيَا، تَأْوِيْلَةُ وَكُفْرُهُ وَالْمَنْجَعُ (كتاب الذكر والدعاء والتوبه والاستغفار)

পরিচ্ছেদঃ ১৭. বিছানা গ্রহণ ও ঘুমানোর সময় যা বলতে হয়

بَابِ مَا يَقُولُ عِنْدَ النَّوْمِ وَأَخْذِ الْمَنْجَعِ

আরবী

حَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرِمٍ الْعَمِيُّ، وَأَبُو بَكْرٍ بْنُ نَافِعٍ قَالَا حَدَّثَنَا غُنْدَرُ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ خَالِدٍ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ الْحَارِثَ، يُحَدِّثُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّهُ أَمَرَ رَجُلًا إِذَا أَخْذَ مَنْجَعَهُ قَالَ "اللَّهُمَّ خَلَقْتَ نَفْسِي وَأَنْتَ تَوَفَّاهَا لَكَ مَمَاتُهَا وَمَحْيَاهَا إِنِّي أَحِبُّهَا فَاحْفَظْهَا وَإِنْ أَمْتَهَا فَاغْفِرْ لَهَا اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ". فَقَالَ لَهُ رَجُلٌ أَسْمِعْتَ هَذَا مِنْ عُمَرَ فَقَالَ مِنْ خَيْرٍ مِنْ عُمَرَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ أَبْنُ نَافِعٍ فِي رِوَايَتِهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ . وَلَمْ يَذْكُرْ سَمِعْتُ .

বাংলা

৬৭৮১-(৬০/২৭১২) উকবাহ ইবনু মুকরিম আল আম্মী ও আবু বাকর ইবনু নাফি' (রহঃ) আবদুল্লাহ ইবনু উমার (রাযঃ) থেকে বর্ণিত। তিনি এক লোককে আদেশ করলেন, যখন শয্যগ্রহণ করবে তখন বলবে, "আল্লাহ-হুম্মাখ লাকতা নাফসী ওয়া আনতা তাওয়াফ্ফা-হা- লাকা মামা-তুহা ওয়া মাহইয়া-হা ইন্ত আহ ইয়াইতাহা-ফাহফায়হা- ওয়া ইন্ত আমাত্তাহা- ফাগফির লাহা- আল্লাহ-হুম্মা ইন্নী আস্তালুকাল আ-ফিয়াহ" অর্থাৎ- "হে আল্লাহ! আপনি আমার জীবন সৃষ্টি করেছেন এবং আপনিই তাকে (আমার জীবনকে) মৃত্যুদান করেন। আপনার কাছে (নাফসের) জীবন ও মরণ। যদি আপনি একে জীবিত রাখেন তাহলে আপনি এর হিফায়াত করুন। আর যদি আপনি এর মৃত্যু দান করেন তাহলে একে ক্ষমা করে দিন। হে আল্লাহ! আমি আপনার কাছে সুস্থিতা প্রার্থনা করছি"।

তখন সে লোকটি তাকে জিজেস করলেন, আপনি তা উমর (রাযঃ) হতে শুনছেন? তিনি বললেন, উমার এর চেয়ে যিনি উত্তম (অর্থাৎ-) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনেছি। ইবনু নাফি' (রহঃ) তার বর্ণনায় বলেছেন, আবদুল্লাহ ইবনু হারিস (রহঃ) হতে এবং তিনি সুন্দর (আমাকে শুনেছি) শব্দটি বলেননি। (ইসলামিক ফাউন্ডেশন ৬৬৪০, ইসলামিক সেন্টার ৬৬৯৩)

English

Abdullah b. 'Umar commanded a person that as he went to bed, he should say:

" O Allah, Thou created my being and it is for Thee to take it to its ultimate goal. And its death and life is due to Thee, and if Thou givest it life, safeguard it; and if Thou bringst death, grant it pardon. O Allah, I beg of Thee safety." A person said to him: Did you hear it from Umar? Thereupon he said: (I have heard from one) who is better than Umar, viz. from Allah's Messenger (ﷺ). Ibn Nafi, reported this on the authority of Abdullah b. Harith but he did not make mention of this" that he heard it himself".

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=53879>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন